



বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)

(সিটি কর্পোরেশন ও পৌরসভার উন্নয়নে সহায়তাকারী অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন একটি সরকারি কোম্পানি)

গ্রামীন ব্যাংক ভবন, লেডেল-১৩, মিরপুর-২, ঢাকা-১২১৬।

ফোন: ০২-৪৮০৩৩০২৪, ৪৮০৩৬০৭০; ফ্যাক্স: ৯০১৬২৩৯; ওয়েব: www.bmdf.gov.bd, ইমেইল: info@bmdf.gov.bd



নং বিএমডিএফ/পি-৩৪৭/২০২১/ ১১৭৯

০৭ ডিসেম্বর ২০২১

বিষয়: উন্নয়ন চাহিদা সংক্রান্ত তথ্যাদি প্রেরণ।

স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে দেশব্যাপী ব্যাপক উন্নয়নের ধারাবাহিকতায় সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়নে অর্থায়নের লক্ষ্যে বিএমডিএফ-এর নতুন প্রকল্প প্রণয়নের কার্যক্রম শুরু হয়েছে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে বিএমডিএফ-এর ১১৬তম পর্ষদ সভার সিদ্ধান্তের আলোকে উন্নয়ন প্রকল্পের চাহিদা প্রণয়নের জন্য আপনার সিটি কর্পোরেশনের তৈরীকৃত Master Plan/Capital Investment Plan (CIP) (যদি থাকে) অনুসরণপূর্বক সংযোজিত নির্ধারিত ফর্মে (ফর্ম ডাউনলোড লিংক: www.bmdf.gov.bd) আগামী ৫ বছরের উন্নয়নের চাহিদা সংক্রান্ত তথ্যাদি এবং 'বিএমডিএফ' শিরোনামে আবেদনপত্রের মূল্য এবং প্রসেসিং ফি বাবদ ১১,০০০ টাকার ডি.ডি. ডিসেম্বর ২৩, ২০২১ তারিখের মধ্যে বিএমডিএফ বরাবর হার্ডকপি এবং সফট কপি ইমেইলে (bmdfpro@live.com) প্রেরণ করা প্রয়োজন। এখানে উল্লেখ্য, সরকারি বার্ষিক উন্নয়ন প্রকল্প অথবা উন্নয়ন সহযোগীদের নিকট থেকে অর্থায়ন নিশ্চয়তা স্বাপেক্ষে সিটি কর্পোরেশন পর্যায়ে উপ-প্রকল্পে অর্থায়নের বিষয়টি চূড়ান্ত করা হবে।

এ অবস্থায়, সিটি কর্পোরেশনের অবকাঠামো উন্নয়নে অর্থায়নের লক্ষ্যে সংযোজিত ফর্ম পূরণপূর্বক উন্নয়ন চাহিদার তথ্যাদি সন্নিবেশিত করে চাহিদাপত্র জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(আবুল মনসুর মোঃ ফয়েজ উল্লাহ, এনডিসি)

ব্যবস্থাপনা পরিচালক

প্রধান নির্বাহী কর্মকর্তা

..... সিটি কর্পোরেশন

জেলা:

সদয় অবগতির জন্য অনুলিপি:

- সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ;
- সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- অর্থ ব্যবস্থাপক / কোম্পানি সচিব / প্রোগ্রাম ম্যানেজার, বিএমডিএফ;
- এমআইএস কাম মনিটরিং অফিসার, বিএমডিএফ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।